প্রথম আলো

তারিখ ...24 OCT 2016 ...
পৃষ্ঠা ...৩... কলাম...২...

## কুয়েটের ভর্তি পরীক্ষা শুরু ২৮ অক্টোবর

খুলনা প্রকৌশল ও কারিগরি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা ২৮ অক্টোবর থেকে শুরু হবে। প্রথম দিন প্রকৌশল ও আরবান এবং আঞ্চলিক পরিকল্পনা বিভাগে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবার প্রতিটি আসনের জন্য ১৩ জন শিক্ষার্থী পরীক্ষা দেবেন। কুয়েট সূত্র জানায়, বিএসসি প্রকৌশলী ও ব্যাচেলর অব আরবান বিভাগের ১ হাজার ৫টি আসনের বিপরীতে মোট ১২ হাজার ৭১৭ জন শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশ নিচ্ছেন। এ বছর নতুন করে আরও তিনটি বিভাগ খোলা হয়েছে। এই তিন বিভাগে আরও তিন শ শিক্ষার্থী ভর্তির সুযোগ পাবেন। ভর্তি পরীক্ষা মোট ৭টি কেন্দ্রে সকাল সাড়ে ৯টায় শুরু হয়ে দুপুর ১২টা পর্যন্ত চলবে।

● বাসস

## ফরম পূরণের সময় বৃদ্ধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল শ্রেণির ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় আগামী ৩ নভেম্বর রাত ১২টা পর্যন্ত বাড়ানো হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়ে বলা হয়, বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তিবিষয়ক ওয়েবসাইট থেকে পাওয়া যাবে।

● বাসস